

কৃষি বিষয়ক তথ্য পেতে কৃষি মেলার কোন বিকল্প নেই। কারণ কৃষির আধুনিক প্রযুক্তি, কৃষির উপকরণ ও উৎপাদিত কৃষিপণ্য একসাথে একত্রে কৃষি মেলায় মাধ্যমেই দেখা সম্ভব। গ্রামের মতো শহরে এই ধরনের মেলার আয়োজন খুবই গুরুত্বপূর্ণ।

ক

এ মেলায়, চারা, বীজ, সার ও কৃষি প্রযুক্তি ইত্যাদি দেখানো ও বিক্রি করা হয়। কৃষি বিষয়ক নানা লিফলেট, পুস্তলিকা, বুলেটিন, পত্রিকা প্রদর্শিত হয় এবং বিনামূল্যে দর্শকদের দেখানো হয়। তাই বলা যায় যে কৃষি সম্প্রসারণ বা কৃষি বিষয়ক তথ্য পেতে কৃষি মেলার কোন বিকল্প নেই।

খ

বনায়ন হলো বন তৈরি বা এক সারি গাছ লাগানো যেখানে পূর্বে কখনো গাছ ছিল না। অনেক সরকারি এবং বেসরকারি সংস্থা বনায়ন তৈরিতে সরাসরি অংশ নিচ্ছে বন তৈরি করতে, যা কার্বন গ্রহণ করে। মাঝেমাঝে বিশেষ যন্ত্র ব্যবহার করা হয় যা গাছ লাগানোকে সহজ ও দ্রুত করে দেয়।

গ

উদ্যান শব্দের অর্থ বাগান বা বাগিচা। বাগানে যেসব ফসল ফলানো হয় তা-ই উদ্যান ফসল। অর্থাৎ বাড়ির আশপাশে উঁচু স্থানে বা ছোট পরিসরের কোনো জমি বা বাগানে যত্ন সহকারে যেসব ফসল ফলানো হয় তাকে উদ্যান ফসল বলে। বিভিন্ন ধরনের শাকসবজি, ফল, ফুল, মসলা ইত্যাদি উদ্যান ফসলের অন্তর্ভুক্ত।

মাঠ শব্দের অর্থ ময়দান, সুবিস্তীর্ণ ক্ষেত্র। কৃষি ক্ষেত্রে মাঠ বলতে বোঝায় এমন একটি স্থান, যেখানে বড় পরিসরে চাষাবাদের কাজ করা হয়। আর মাঠ ফসল হচ্ছে সেসব ফসল, যেগুলো সুপরিসর একটি মাঠে নির্দিষ্ট সময় ধরে চাষ করা হয় এবং ওই ফসলের ওপর কৃষকের জীবন ও জীবিকা নির্ভর করে। অর্থাৎ মাঠপর্যায়ে ব্যাপকভাবে চাষাবাদকৃত ফসলকেই মাঠ ফসল বলে।

	ফসলের নাম
উদ্যান ফসল	লাউ, শিম, ফুলকপি, বাঁধাকপি, টমেটো, আলু, চালকুমড়া, ঝিঙা, চিচিঙ্গা, কচু, পটোল, করলা, আম, কাঁঠাল, লিচু, জাম, ইত্যাদি
মাঠ ফসল	ধান, গম, ভুট্টা, পাট, তুলা, ইত্যাদি

কাজের ধরন	যন্ত্রপাতি
জমি চাষ ঘ	লাঙল, পাওয়ার টিলার, আঁচড়া বা বিদা, নিড়ানি
বীজ বপন	বারি বীজ বপন যন্ত্র
ঔষধ ছিটানো	ন্যাপস্যাক স্পেয়ার
ফসলের মাঠে সেচ	বারি পাম্প, সেন্দ্রিফিউগাল পাম্প